

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৫৫৯
খোয়াই, ২৭ জুন, ২০২৪

প্রধানমন্ত্রী আবাস যোজনা-গ্রামীণ

খোয়াই জেলায় ১০,৮৩০টি পরিবারকে পাকা আবাস

প্রধানমন্ত্রী আবাস যোজনা-গ্রামীণ প্রকল্পে খোয়াই জেলায় ১০ হাজার ৮৩০টি পরিবারকে পাকা আবাস নির্মাণ করে দেওয়া হয়েছে। এই যোজনায় জেলার খোয়াই ব্লকে ২,১৫৬টি, তুলাশিখর ব্লকে ১,৮৪৮টি, পদ্মবিল ব্লকে ৯৪০টি, মুঙ্গিয়াকামী ব্লকে ১,৫৬১টি, কল্যাণপুর ব্লকে ১,৯০৬টি ও তেলিয়ামুড়া ব্লকে ২,৪১৯টি পরিবারকে পাকা আবাস নির্মাণ করে দেওয়া হয়েছে। প্রতিটি আবাস নির্মাণে ব্যয় হয়েছে ১ লক্ষ ৩০ হাজার টাকা। খোয়াই জেলাশাসক কার্যালয় থেকে এই সংবাদ জানানো হয়েছে।
